



বাংলাদেশ ব্যাংক
হিউম্যান রিসোর্সেস ডিপার্টমেন্ট-১
(রিক্রুটমেন্ট এন্ড আউটসোর্সিং উইং)
প্রধান কার্যালয়
ঢাকা।



বিজ্ঞপ্তি নং : ৪৭/২০২১

তারিখ : ৩১ আষাঢ়, ১৪২৮
১৫ জুলাই, ২০২১

বাংলাদেশ ব্যাংকে 'সহকারী পরিচালক (গবেষণা)' পদে নিয়োগের উদ্দেশ্যে আবেদনকারী প্রার্থীদের লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রবেশপত্র ডাউনলোড করা প্রসঙ্গে।

বাংলাদেশ ব্যাংকে 'সহকারী পরিচালক(গবেষণা)' পদে নিয়োগের উদ্দেশ্যে গত ২৫/০৫/২০২১ তারিখে প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তি নং- ৩৩/২০২১ এর সূত্রে লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য অনলাইনে আবেদনকারী প্রার্থীদের মধ্য হতে প্রাথমিকভাবে যোগ্য বিবেচিত প্রার্থীদের প্রবেশপত্র বাংলাদেশ ব্যাংকের নিয়োগ সংক্রান্ত ওয়েবসাইটে (<https://erecruitment.bb.org.bd>) আপলোড করা হয়েছে।

০২। পরীক্ষায় অংশগ্রহণেচ্ছু প্রার্থীদেরকে আগামী ১৮/০৭/২০২১ তারিখ হতে ০১/০৮/২০২১ তারিখের মধ্যে উল্লিখিত ওয়েবসাইটে হতে প্রবেশপত্র সংগ্রহের জন্য পরামর্শ দেয়া যাচ্ছে। নির্ধারিত তারিখের পরে প্রবেশপত্র ডাউনলোডের কোনো সুযোগ থাকবে না।

০৩। পরীক্ষার তারিখ, সময়, কেন্দ্রের নাম এবং ঠিকানা পরবর্তীতে বাংলাদেশ ব্যাংকের নিয়োগ সংক্রান্ত ওয়েবসাইটে ও জাতীয় দৈনিক পত্রিকায় বিজ্ঞপ্তির মাধ্যমে জানিয়ে দেয়া হবে এবং সংশ্লিষ্ট বিষয়ে প্রার্থীদের মোবাইল নম্বরে এসএমএস (SMS) প্রেরণ করা হবে।

স্বাক্ষরিত/-

(মোঃ সাঈদুর রহমান খান)

মহাব্যবস্থাপক(চলতি দায়িত্বে)